

প্রেস রিলিজ
১৯ আগস্ট ২০২৫

বাউবিতে “হিসাব, নিরীক্ষা ও আর্থিক ব্যবস্থাপনা” বিষয়ক প্রশিক্ষণের সফল সমাপ্তি ও সনদ বিতরণ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত এবং মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলামের দিকনির্দেশনায় অনুষ্ঠিত “হিসাব, নিরীক্ষা ও আর্থিক ব্যবস্থাপনা” বিষয়ক তিন দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি সফলভাবে সম্পন্ন হয়েছে। আজ মঙ্গলবার (১৯ আগস্ট ২০২৫) বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের শিক্ষক সেমিনার হলে সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠান আয়োজনের মধ্য দিয়ে এ প্রশিক্ষণ কর্মসূচি শেষ হয়।

আজ বিকাল ৩টা ৩০ মিনিটে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাউবির মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম। তিনি তাঁর বক্তব্যে বলেন, “অর্জিত জ্ঞানকে শুধু নিজের মধ্যে সীমাবদ্ধ না রেখে সমাজে ও কর্মক্ষেত্রে প্রয়োগ করাই প্রকৃত শিক্ষা। এই প্রশিক্ষণ থেকে পাওয়া অভিজ্ঞতা পরিবার থেকে কর্মক্ষেত্রে—সব জায়গায় কাজে লাগাতে হবে। আমি বিশ্বাস করি, এই প্রশিক্ষণ আমাদের সবার পেশাগত ও ব্যক্তিগত জীবনে ইতিবাচক পরিবর্তন আনবে।” পরবর্তীতে তিনি অংশগ্রহণকারী কর্মকর্তাদের হাতে সনদপত্র তুলে দেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম। তিনি তাঁর ধন্যবাদ জ্ঞাপনে বলেন, “আমি আশা করি এই প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে কর্মকর্তারা তাদের পেশাগত দক্ষতার আরও উন্নয়ন হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক প্রশাসনিক ও আর্থিক কার্যক্রমের মানোন্নয়নে এ ধরনের প্রশিক্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

প্রশিক্ষণে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন, মোঃ আশরাফুল ইসলাম, পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব বিভাগ, বাউবি এবং গিয়াসউদ্দিন মোল্লা এমআইএমএ, এফসিসিএ, পরিচালক (কর ও পরামর্শ), চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস, রেদওয়ান রহমান অ্যান্ড কো.। অনুষ্ঠান সঞ্চালনা করেন আইকিউএসি-এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)
মোবাইল: ০১৭১১২০৭৬৯৮